কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প"
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746

Graphic Design Work



Flex ,Poster ,Card ,Cartoon ,
Logo ,Newspaper ,Book ,
Magazine & other.
9836753622

PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য- 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 28 MARCH 2026 ,SATURDAY | ২৮ মার্চ ২০২৬ ,শনিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-116

## উচ্চ ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎবাহী তারের টাওয়ারে উঠে পড়লো এক যুবক ,ব্যাহত ট্রেন পরিষেবা




**সুকুমার রঞ্জন সরকার, এই যুগ , আলিপুরদুয়ার ,২৭ মার্চ :** আলিপুরদুয়ার জেলার নিউ আলিপুরদুয়ার স্টেশনে শুক্রবার ভোর পাঁচটা নাগাদ এক যুবক উঠে পড়ে উচ্চ ক্ষমতা সম্পন্ন বিদ্যুৎবাহী তারের টাওয়ারে। যুবককে দেখেই ছুটে আসেন আর পি এফ ও জি আর পি কর্মীসহ রেলের কর্মীরা। তারা যুবককে নেমে আসার জন্য বারবার বলা সত্ত্বেও যুবক নেমে না আসায় বড়োসড়ো দূর্ঘটনার আশঙ্কা দেখা দেয়। স্টেশন মাস্টার উচ্চতম কর্তৃপক্ষকে বিষয়টি জানান। তাদের পরামর্শে বন্ধ করে দেওয়া হয় বিদ্যুৎ সরবরাহ সাথে সাথে বন্ধ হয়ে যায় ট্রেন চলাচল। যুবককে নামাতে ব্যর্থ হয়ে রেল, আর পি এফ ও জি আর পি কর্মীরা খবর দেন আলিপুরদুয়ার দমকল কেন্দ্রে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান দমকল কর্মীরা। তারা প্রায় দু ঘন্টার চেষ্টায় যুবককে টাওয়ার থেকে নামিয়ে আনেন। যুবকের চালচলন থেকে মনে করা হচ্ছে সে মানসিক ভারসাম্যহীন, তার পরিচয় পাওয়া যায়নি। যুবককে নামিয়ে আনার পর স্বাভাবিক হয় ট্রেন চলাচল। যুবকটি বর্তমানে জি আর পির হেফাজতে আছে।

## হাওড়ার রামরাজাতলার ঐতিহ্যবাহী রাম ঠাকুর দর্শন



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,হাওড়া ,২৭ মার্চ :** রাম নবমীর শুভ দিনে শুক্রবার ভোর থেকেই হাওড়ার ঐতিহ্যবাহী রামরাজাতলা রাম মন্দিরে পুজোর জন্য ভক্তদের ভিড়ে মন্দির চত্বরে জনস্রোত। হাওড়া বাসীর পাশাপাশি অন্য জেলা থেকেও বহু মানুষ পুজো দিতে আসেন এই ঐতিহ্যবাহী রাম মন্দিরে।রাম পুজো কে ঘিরে এদিন কড়া পুলিশি নিরাপত্তা ছিল রাম মন্দির চত্বরে ।



# উদ্ধার অবৈধ মদ ,গ্রেপ্তার দুই




**সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মার্চ :** আলিপুরদুয়ার জেলা পুলিশের জয়গাঁ থানার এন্টি ক্রাইম টিম শুক্রবার দুপুরে থানা এলাকার দলসিংপাড়ায় একটি মারুতি ওমনি ভ্যান আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে ভ্যানে থাকা দুই যুবকের হেফাজত থেকে উদ্ধার হয় পনেরো কার্টন অফিসার্স চয়েস ভারতীয় মদ। পরিমান একশ পয়ত্রিশ লিটার। তদন্তের স্বার্থে ধৃতদের নাম পরিচয় গোপন রেখেছে পুলিশ। পশ্চিমবঙ্গ আবগারি আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে শুক্রবার তাদের আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠিয়েছে পুলিশ।

# ভোটারদের সচেতন করতে স্কুল ছাত্র-ছাত্রীদের নিয়ে মিছিল যশোডাঙ্গায়



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মার্চ :** বিধানসভা ভোটের প্রাক্কালে ভোটারদের সচেতনতা বাড়াতে নির্বাচন কমিশনের নির্দেশ মেনে আলিপুরদুয়ার দুই ব্লক প্রশাসন বিশেষ কর্মসূচি গ্রহণ করল। শুক্রবার বিভিন্ন কর্মসূচির মধ্যে দিয়ে ভোটারদের সচেতন করবার বিশেষ উদ্যোগ নিল ব্লক প্রশাসন। শুক্রবার ছাত্র-ছাত্রীদের নিয়ে সেমিনার, বসে আঁকো প্রতিযোগিতা এবং একটি বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করা হয়। যশোডাঙ্গা হাই স্কুল থেকে এই শোভাযাত্রা বের হয় এবং বিডিও অফিস হয়ে যশোডাঙ্গা বাজার পরিক্রমা করে। আলিপুরদুয়ার ২ বিডিও সন্দীপ ঘোষ বলেন, নির্বাচন কমিশন কমিশনের নির্দেশিত'পদ্ধতিগত ভোটার শিক্ষা এবং নির্বাচনী অংশগ্রহণ' কর্মসূচির মাধ্যমে সাধারণ ভোটারদের সচেতন করবার বিশেষ উদ্যোগ আমরা গ্রহণ করেছি। ভোটের আগ পর্যন্ত লাগাতার এই কর্মসূচি চলবে।

# ভোট আসে ভোট যায় বাঁশের সাঁকো হয়নি এখনো



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মার্চ :** ভোট আসে ভোট যায় নামা যশোডাঙ্গা এলাকার বাসিন্দাদের দুর্দশার মোচন হয় না । একদিকে কালচিনি বিধানসভা অপরদিকে কুমারগ্রাম বিধানসভা মাঝখানে রয়েছে মুলসাং নদী। দীর্ঘদিন যাবত মূল সাং নদী পারাপারের কোন বাঁশের সাঁকো নেই । ফলে জীবনের ঝুঁকি নিয়েই ভাঙ্গা সাঁকো দিয়ে চলাফেরা করছেন এলাকার বাসিন্দারা। স্কুলের ছাত্র-ছাত্রী থেকে শুরু করে আমজনতাকে ঘুর পথে যেতে হয়। সামনে বিধানসভা ভোট। বেশ কিছু ভোটার রয়েছে নদীর ওপারে। কিভাবে ভোট দিতে আসবেন তারা প্রায় দুই কিলোমিটার দূর যশোডাঙ্গা বেসিক স্কুলে সেই প্রশ্নই উঠে এসেছে। যদিও এলাকার বাসিন্দাদের মুখ থেকে জানা গেছে শাসকদলের নেতারা এই বাঁশের সাঁকো তৈরির জন্য কোন রকম উদ্যোগ নেন না। কালচিনি বিধানসভার বিধায়ক বিজেপির অন্যদিকে কুমারগ্রাম বিধানসভার বিধায়ক বিজেপির ফলে বিজেপিকে শিক্ষা দিতেই শাসকদলের নেতারা বাঁশের সাঁকো মেরামত করছেন না। কবে হবে এই বাঁশের সাঁকো? কবে দুর্দশা কাটবে এলাকার বাসিন্দাদের যাতায়াতের? বিধানসভা ভোটের আগে প্রশাসনিক কর্তারা এই বাঁশের সাঁকো মেরামত করার কোন ব্যবস্থা করবেন কি ?

# নিম্নমানের কাজের অভিযোগে সরগরম কদমতলা



**মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৭ মার্চ :** নিম্নমানের কাজের অভিযোগে সরগরম হয়ে উঠল শামুকতলা গ্রাম পঞ্চায়েতের বড় পুকুরিয়া এলাকা। শামুকতলা সিধু কানু, কলেজ যাওয়ার রাস্তায় পাকার কাজ নিম্নমানের হচ্ছে এমনটাই অভিযোগ উঠেছিল এলাকার বাসিন্দাদের পক্ষ থেকে। শুক্রবার নিম্নমানের কাজের অভিযোগ তুলে কাজ বন্ধ করে দিলেন জনতা। রাস্তা নিয়ে রীতিমতো বচসা হয় ঠিকাদার এবং এলাকার বাসিন্দাদের মধ্যে। শেষ পর্যন্ত ঘটনাস্থলে ছুটে আসেন শামুকতলা থানার আইপিএস সহ ওসি এবং অন্যান্য পুলিশ কর্মীরা। এলাকার বাসিন্দাদের কাছ থেকে জানা গেছে কদমতলা থেকে কলেজ যাওয়ার সংযোগের রাস্তা কাজ শেষের পথে। গত কয়েকদিন যাবত ঠিকাদার সংস্থাকে বলা হচ্ছে সঠিকভাবে কাজ করার জন্য কিন্তু ঠিকাদার সংস্থা এলাকার বাসিন্দাদের কথায় কোনো কর্ণপাত করেনি। শুক্রবার কাজ বন্ধ করে দেওয়ার পর রীতিমতো উত্তেজনা ছড়ায় এলাকায়। এলাকার বাসিন্দারা হুশিয়ারি দিয়েছেন সঠিক কাজ না হলে তারা কাজ করতে দেবেন না। যদিও এলাকার বাসিন্দাদের মুখ থেকে জানা গেছে বেশ কিছু কাঠ মানির গল্প হয়েছে । যার ফলেই ঠিকাদার সংস্থা নিম্নমানের কাজ করছে ।অথচ এলাকার পঞ্চায়েত প্রধান থেকে শুরু করে শাসকদলের নেতারা মুখ বন্ধ করে রয়েছেন। পুলিশ এলাকায় নজরদারি চালিয়েছে।

# চাঁচল "ডিসি আর সি" পরিদর্শনে জেলাশাসক ও পুলিশ সুপার





**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,মালদহ ,২৭ মার্চ :** মালদহ জেলার চাঁচল সিদ্ধেশ্বরী ইনস্টিটিউশনে হবে নির্বাচনের ডি সি আর সি। মালদহ জেলাশাসক রাজনবীর সিং কাপুর ও জেলা পুলিশ সুপার অনুপম সিং ডি সি আর সি তৈরির প্রস্তুতি পরিদর্শনে করলেন। জানা গেছে ডি সি আর সি তৈরির প্রস্তুতি খতিয়ে দেখেন তারা। সাথে ছিলেন অন্যান্য বরিষ্ঠ প্রশাসনিক কর্মকর্তারা। নির্বাচন প্রক্রিয়া অবাধ,সুষ্ঠু ও শান্তিপূর্ণ ভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সমস্ত ব্যবস্থা নিশ্চিত করনের লক্ষ্যেই এই পরিদর্শন বলে জানান তারা।

# আবগারি কর্মীদের অভিযানে উদ্ধার বিদেশী নকল মদ তৈরির উপকরন ,গ্রেপ্তার দুই



**নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি ,২৭ মার্চ :** পশ্চিমবঙ্গ সরকারের আবগারি দপ্তরের শিলিগুড়ি বিভাগের কর্মীরা গোপন সুত্রে পাওয়া খবরের ভিত্তিতে বৃহস্পতিবার রাতে শিলিগুড়ি রেগুলেটেড মার্কেট এলাকার একটি বাড়িতে অভিযান চালিয়ে উদ্ধার করে পঞ্চাশ লিটার স্পিরিট। গ্রেপ্তার করা হয় ঘটনাস্থলে থাকা দুই ব্যক্তিকে। ধৃতদের নাম মিন্টু মাহাতো (২৬), শিলিগুড়ির বাসিন্দা ও টুনটুন কুমার (৪১), বিহারের বাসিন্দা। তাদের জিজ্ঞাসাবাদ করে আবগারি কর্মীরা আরও ভয়ঙ্কর তথ্য পান। সেই তথ্য অনুসারে ডাকনিকাটা এলাকার একটি গুদামে হানা দেন আবগারি কর্মীরা। সেখান থেকে উদ্ধার হয় পনেরোশ লিটার স্পিরিট, হলোগ্রাম, লেবেল,খালি বোতল, বোতলের ঢাকনা সহ অন্যান্য সরঞ্জাম।আবগারি কর্মীরা জানান এই চক্রটি নকল মদ তৈরি করে বিহারে পাচার করতো। উদ্ধার করা সামগ্রীর মুল্য আনুমানিক বাষট্টি লক্ষ টাকা বলে জানিয়েছেন আবগারি কর্মীরা। ধৃতদের বিরুদ্ধে আবগারি আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে শুক্রবার শিলিগুড়ি আদালতে পাঠানো হয়েছে। এই স্পিরিট কোথা থেকে আনা হতো, তৈরি করা মদ কোথায় কার কাছে পাঠানো হতো এই চক্রে কারা জড়িত সব বিষয়ে তদন্ত শুরু করেছেন আবগারি দপ্তর এর কর্মীরা।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |